মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২১/০৭/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় ২০২০-২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রনয়ন ও অনুমোদন প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৬/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় ২০২০-২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রনয়ন ও অনুমোদন প্রসংগে।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় ২০২০-২১ অর্থ বছরের জন্য ২৫,১০,০০০.০০ (পঁচিশ লক্ষ দশ হাজার) টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা মোট বাজেটের ৫%। এই অর্থ মেহেরপুর পৌরসভার PRAP বাস্তবায়নে ব্যয় করা হবে। প্রতি বছরের ন্যায় এবারও এই অর্থের ত্রৈমাসিক ভিত্তিতে একটি কর্ম পরিকল্পনা করা হয়েছে। সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে এই কর্ম পরিকল্পনাটি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হক ত্রৈমাসিক ভিত্তিতে ২০২০-২১ অর্থ বছরের জন্য ২৪,১০,০০০.০০ টাকা বাজেটের কর্মপরিকল্পনটি সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনাটির মধ্যে ধারাবাহিক ভাবে উল্লেখযোগ্য বিষয়গুলি হলো, PRAP বিষয়ক অতিরিক্ত স্থায়ী	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	কমিটির সভার ব্যয়ভার, আয় বর্ধক কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ, দারিদ্রদের জন্য অবকাঠামো নির্মান, পৌর মার্কেটে দোকান বরাদ্দ, সভা ও সেমিনার, আর্থিক অনুদান, বস্তি উন্নয়ন কমিটির সভার ব্যয়ভার, দারিদ্রদের জন্য স্বাস্থ্য সেবা পরিচালনা, করোনা ভাইরাস কালীন সহায়তা প্রদান ইত্যাদি। PRAP বাস্তবায়নে কর্মপরিকল্পনাটি নিয়ে সভায় বিশদ আলোচনা হয়। এক পয়ায়ে কর্মপরিকল্পনাটি চুড়ান্ত করে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সবশেষে মেয়র মহোদয় কর্ম পরিকল্পনাটি সঠিক ভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট জানতে চান, PRAP বাস্তবায়নে কর্ম পরিকল্পনাটিকি সঠিক ভাবে বাস্তবায়ন হবে, নাকি অতীতের মতো অসম্পুর্ণ থাকবে ? মেয়র মহোদয় সভায় জানান, বর্তমান পরিষদ ক্ষুধা ও দারিদ্রতা দুর করতে বদ্ধ পরিকর। তাই বিভিন্ন সময় পৌরসভার তহবিল থেকে এবং মেয়রের নিজস্ব তহবিল হতে গরীব ও দুস্থদের সহায়তা করা হয়ে থাকে। তবে আর্থিক দুরাবস্থার কারণে অনেক সময় যথাযথ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্ভব হয়না। তবে এবারের পেক্ষাপট সম্পুর্ণ ভিন্ন কারণে পৌরসভার নতুন করে এ্যাসেসমেন্ট হওয়ায় আর্থিক স্বচ্ছলতা বেড়েছে, সেই সাথে এই কর্ম পরিকল্পনাটি সঠিক ভাবে বাস্তবায়ন না হলে নতুন কোন প্রকল্পে অর্ন্তভূক্তি হবে না বিধায় আমাদের চেষ্টা থাকবে এই কর্ম পরিকল্পনাটি যথাযথ বাস্তবায়ন করা। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলঃ

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২১/০৭/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ৭, ৮ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯	মো: আমিনুল ইসলাম	LeDA	
১০			